

যতীন্দ্রমোহন বাগচী

রবীন্দ্রনাথ

সপ্ত-সুরের সপ্ত-ঘোড়া চালায় যেজন ইঙ্গিতে,  
তারে কে আর সুর শোনাবে সঙ্গীতে !  
রাগ-রাগিণীর রশ্মটানে  
বাণী নিয়ে বশ্য মানে  
সুরের রাজা – যার অপরূপ ভঙ্গীতে -  
তারে কে আর সুর শোনাবে সঙ্গীতে ।

যাহার করের পরশ পেয়ে কমল ফুটে আনন্দে,  
ভুবন ভরে নূতন বাণীর সুগন্ধে ;  
বঙ্গদেশের সেই কবিরে –  
বিশ্বাকাশের সেই রবিরে  
কে পারে আর কথার র- রঙ্গিতে –  
তারে কে আর সুর শোনাবে সঙ্গীতে ।

সুর ও কথা অবাক হয়ে হার মেনে তায় তার কাছে,  
চোখের জলে প্রসাদ-সুধা-ধার যাচে ;  
ঐ চরণের যোগ্য করি  
চিত্ত-সাগর রয় শুধু তরঙ্গিতে –  
কথাও সুর তায় ভেসে যায় সঙ্গীতে !